Acc. No. Shelf No.

Title Jyotirvid
SubTitle

1st year, 3rd issue

Role Author Editor Comment. Transl. Compiler

Bimalaprasad Siddhanta Sarasvati

Edition

Publisher

Place Kolkata. Year 1901, Ind.Yr. 1823

Lang. Sanskrit Script Bengali

Subject

P.T.C

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0000

জ্যোতির্ব্বিদ্।

(গণিত-ফলিত-জ্যোতিষ বিষয়ক মাসিকপত্র।)

১ম বর্ষ ৩য় সংখ্যা।

সম্পাদক

শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্ত সরস্বতী

ও

K. DUTT. M. A. B. L.

কার্য্যাধ্যক্ষ শ্রীসিদ্ধেশ্বর ঘোষ,

১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, বিডনস্কোয়ার

পোষ্টাপিস, কলিকাতা।

১৮২৩

অগ্রিম বার্ষিক মূল্য সডাক ১৷৷০।

জ্যোতির্ব্বিদ্ সংক্রান্ত নিয়মাবলী।

১। জ্যোতির্ব্বিদ্ পত্রে গণিত ও ফলিত জ্যোতিষ সম্বন্ধীয় যাবতীয় বিষয় সমালোচিত হয়। জ্যোতিষ শাস্ত্রের গ্রন্থাদি ক্রমশঃ প্রকাশ করাও জ্যোতির্ব্বিদের উদ্দেশ্য। অতএব জ্যোতিঃশাস্ত্র সম্বন্ধীয় যাবতীয় প্রবন্ধাদি ও গ্রন্থ জ্যোতির্ব্বিদ্ কার্য্যালয়ে প্রেরিতব্য।

২। জ্যোতির্ব্বিদের অগ্রিম বার্ষিক মূল্য সহর ও মফঃস্বলে সর্ব্বত্রই ১॥০। অনগ্রিম মূল্য ২৲। বাঙ্গালা বৎসরের প্রারম্ভেই জ্যোতির্ব্বিদের মূল্য দেয় হয়। উক্ত তারিখে মূল্য না পৌছিলে কার্য্যাধ্যক্ষ মহাশয় বৎসরের মধ্যে যে কোন সংখ্যা ভিঃ পিতে প্রেরণ করিয়া বার্ষিক মূল্য মায় কমিশন ১॥৵০ আদায় করিয়া লইবেন। ভিঃ পিঃ ফিরত আসিলে প্রতিবারের জন্য ৶০ করিয়া অধিক পড়িবে। পত্র লিখিয়া পত্র বন্ধ না করিলে গ্রাহকগণ বরাবরই গ্রাহক থাকিবেন এবং তৎকালে পত্র না পাইলেও বার্ষিক মূল্যের জন্য দায়ী থাকিবেন। পত্র কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট না পৌছিলে পত্র বন্ধ করা হইবে না। বৎসরের মধ্য হইতে গ্রাহক হওয়া যায় না; এক সংখ্যা গ্রহণ করিলেই সম্পূর্ণ বর্ষের জন্য দায়ী হইতে হয়। নমুনা পাঠান হয় না।

৩। পত্রিকা সম্বন্ধে যে কোন বিষয় জানিতে হইলে এক আনার ডাক টিকিট সহ কার্য্যাধ্যক্ষ মহাশয়ের নিকট প্রেরণ করিতে হয়। প্রবন্ধাদি প্রেরিত হইলে উহার সত্বাধিকারীত্ব সম্পাদক মহাশয়ের হইয়া থাকে। ছাপা না ছাপা তাঁহার বিচারাধীন। গ্রাহকগণ কোন সংখ্যা না পাইলে পরবর্ত্তী সংখ্যা প্রাপ্ত মাত্র কার্য্যাধ্যক্ষের নিকট অভিযোগ উপস্থিত করিবেন। সমস্ত পত্রাদি কার্য্যাধ্যক্ষের নিকট ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট কলিকাতা রামবাগানে পাঠাইতে হয়।

Printed BY JOGENDRA NATH CHAKRABURTI.
at the "Hari-Pres" 133. Musjidbari, Street CALCUTTA.

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0002

ততোঽপরাশাভিমুখং ভপঞ্জরে সখেচরে শীঘ্রতরে ভ্রমত্যপি।
তদল্পগত্যেন্দ্রদিশং নভশ্চরাশ্চরন্তি নীচোচ্চতরাত্মবর্ত্মসু ॥১৪॥

ইদানীং জ্যোতিঃশাস্ত্রমূলভূতস্য সগ্রহস্য ভচক্রস্য চলনং শ্লোকদ্বয়েনাহ। যদেতদ্ভচক্রংগ্রহৈঃ সহ ভ্রমদ্দৃশ্যতে তদ্বিশ্বসৃজা জগদুৎপাদকেন কমলোদ্ভবেন ব্রহ্মণা সৃষ্ট্যাদৌ সৃষ্ট্বা ততঃ শশ্বদ্ভ্রমেঽনবরতভ্রমণে নিযুক্তং। এতদুক্তং ভবতি। ভান্বশ্বিন্যাদীনি অন্যানি বিশিষ্টানি জ্যোতীংষি তেষাং সমূহশ্চক্রং গ্রহাশ্চ সূর্য্যাদয়স্তৈঃ সহ সৃষ্টম্। তানি তানি প্রাক্সংস্থয়া সমন্তান্নিবেশিতানি। গ্রহাস্তু ভগণাদৌ অশ্বিনীমুখে নিবেশিতাস্তু উপর্য্যুপরিসংস্থয়া। তত্রাদৌ তাবদধশ্চন্দ্রঃ। তদুপরিবুধঃ ততঃ শুক্রঃ ততো রবিঃ তস্মাৎ ভৌমঃ ততো গুরুস্ততঃ শনিঃ। সর্ব্বেষামুপরি দূরে ভচক্রং। এষাং কক্ষাপ্রমাণানি কক্ষাধ্যায়ে প্রতিপাদয়িষ্যন্তে। অহো যদ্যূর্দ্ধোর্দ্ধস্থা গ্রহাস্তদুপরি দূরতো ভগণঃ তৎকথং ভগণাদিসংস্থৈর্গ্রহৈরিত্যুচ্যতে। সত্যম্। অত্র ভূমধ্যে সূত্রস্য একমগ্রং বদ্ধা দ্বিতীয়মগ্রং ভচক্রে অশ্বিনীমুখে কিল নিবদ্ধম্। তস্মিন্ সূত্রে প্রোতা মণয় ইব চন্দ্রাদয়ো গ্রহাঃ সৃষ্ট্যাদৌ ব্রহ্মণা নিবেশিতাঃ। ভমণ্ডলং দ্বাদশধা বিভজ্যৈবং ভূমধ্যাৎ সূত্রাণি প্রতি ভাগং নীত্বা কিল বদ্ধানি। তৈঃ সূত্রৈঃসহ গ্রহকক্ষায়াং যে সম্পাতাঃ তে তাসু কক্ষাসু রাশ্যন্তাঃ। তদ্বৎপ্রকারা রাশয় ইতি সংক্ষিপ্তমিহোক্তম্। কক্ষাধ্যায়ে গোলে চ কিঞ্চিদ্বিস্তার্য্য বক্ষ্যামঃ। এবংবিধং ভচক্রং সৃষ্ট্বা ব্রহ্মণা গগনে নিবেশিতম্। যত্র নিবেশিতং তত্র প্রবহো নাম বায়ুঃ। স চ নিত্যং প্রত্যগ্গতিঃ। তেন সমাহতং ভচক্রং সখেচরং পশ্চিমাভিমুখভ্রমে প্রবৃত্তম্। যত্তস্য প্রত্যগ্ভ্রমণং তচ্ছীঘ্রতরং। যৎ একেনাহ্না ভমণ্ডলস্য পরিবর্ত্তঃ। এবং তস্মিন্ ভপঞ্জরে সখেচরে শীঘ্রতরে ভ্রমত্যপি খেচরা ইন্দ্রদিশং চরন্তি পূর্ব্বাভিমুখং ব্রজন্তি। নীচোচ্চতরাত্মবর্ত্মসু। অনন্তর কথিতেষু স্ব স্ব মার্গেষু তেষাং প্রাগ্ভ্রমণং। তৎতদল্পগত্যা প্রত্যগ্গতে র্বহুত্বাৎ প্রাগল্পগত্যা ব্রজন্তো নোপলক্ষ্যন্ত ইতি ভাবঃ। তথা তস্য ভপঞ্জরস্য যৌ দক্ষিণোত্তরাবন্তৌ তত্র যে তারে তে ধ্রুবত্বে নিযুক্তে ॥ ১৩।১৪ ॥

কমলযোনি ব্রহ্মা কর্ত্তৃক রাশিচক্র সৃষ্ট হইলে পর বিশ্বস্রষ্টা দ্বারা গ্রহগণ ভগণাবস্থিত হইয়া নিরন্তর ভ্রমণ কার্য্যে নিযুক্ত হইল। কেবল উত্তর ও যাম্য অন্ত্যস্থিত নক্ষত্রদ্বয় অচল ধ্রুব রূপে সংস্থাপিত হইল ॥ ১৩ ॥

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0003

লঙ্কানগর্য্যামুদয়াচ্চ ভানোস্তস্যৈব বারে প্রথমং বভূব।
মধোঃ সিতাদের্দিন-মাস-বর্ষ-যুগাদিকানাং যুগপৎপ্রবৃত্তিঃ ॥১৫॥
যোঽক্ষ্ণোর্নিমেষস্য খরামভাগঃ স তৎপরস্তচ্ছত ভাগ উক্তা।
ত্রুটির্নিমেষৈর্দ্বিতিভিশ্চ কাষ্ঠা তত্ত্রিংশতা সদ্গণকৈঃ কলোক্তা॥১৬

ইদানীং অনাদ্যনন্তস্য কালস্য প্রবৃত্তিমাহ। ননু পূর্ব্বটীকায়াং অনাদিরনন্তশ্চকালোঽভিহিতঃ। অথ চ সৃষ্ট্যাদৌ তস্য প্রবৃত্তিঃ। প্রবৃত্তির্নাম আদিঃ। প্রলয়ে তদন্তঃ। তথাচ শাস্ত্রান্তরে। কালঃ পচতি ভূতানি সর্ব্বাণ্যেব সহাগ্নিনা। কান্তে সপক্কস্তেনৈব সহাব্যক্তে লয়ং ব্রজেৎ॥ ইতি তৎ কথমনাদ্যনন্তঃ কাল উচ্যতে। সত্যং যোয়ং ভগবান্ মূর্ত্তে ব্যাপকশ্চ কালস্তস্য প্রাক্তনপ্রাকৃতিকলয়াদনন্তরং ব্যক্তিজনকানাং সূর্য্যাদীনামভাবাদব্যক্তস্যাব্যক্তে যদবস্থানং স তস্য লয় উচ্যতে। নত্বাত্যন্তিকঃ প্রলয়কালস্যাঽস্তীতি। যত্তূক্তম্ কান্তেসপক্কস্তেনৈব সহাব্যক্তে লয়ং ব্রজেদিতি তত্তেনৈবাঽব্যক্তাবস্থানাভিপ্রায়েণ। অতো যুক্তমনাদ্যনন্তত্বং তস্যোক্তম্। তস্যাব্যক্তস্য কালস্য সৃষ্ট্যাদৌ ব্যক্তিজনকানাং ভগ্রহাণাং প্রাদুর্ভাবে সতি কালস্য ব্যক্তীনামপি দিন-মাস-বর্ষ-যুগাদীনাং যুগপদেকহেলয়া প্রবৃত্তির্বভূব। এতদুক্তং ভবতি। চন্দ্রার্কয়োর্মেষাদিস্থয়োশ্চৈত্রস্য শুক্লপক্ষাদিঃ প্রতিপৎ। অতো মধোঃ সিতাদের্দিনানাং সৌরাদিমাসানাং বর্ষাণাং যুগানাং মন্বন্তরাণাং কল্পস্য চ তদৈব প্রবৃত্তিঃ। অথোদয়াচ্চ ভানোঃ। স চোদয়ঃ কস্মিন্ দেশে লঙ্কানগর্য্যাং। তথা তস্যৈব বারে, আদিত্যবার ইত্যর্থঃ॥ ১৫॥

ইদানীং কালমানানাং বিভাগকল্পনাং শ্লোকত্রয়েণাহ। যোঽক্ষ্ণোর্লোচনয়োঃ পক্ষ্মপাতঃ স নিমেষঃ। স যাবতা কালেন নিষ্পদ্যতে তাবান্ কালোপি নিমেষ শব্দেনোচ্যতে, উপচারাৎ। তস্য ত্রিংশদ্বিভাগস্তৎপরসংজ্ঞঃ। তৎপরস্য শতাংশস্ত্রুটিরিতি। অথচ নিমেষৈরষ্টাদশভিঃ কাষ্ঠা ক্বচিচ্ছাস্ত্রান্তরে তিথিভিরিতি

খেচর সহ নক্ষত্রচক্র পশ্চিম দিগভিমুখে শীঘ্রতর গতিতে ভ্রমণ করে। গগনচারী গ্রহগণ স্বস্ব নীচোচ্চবৃত্তে অল্পগতিপ্রভাবে পূর্ব্বদিকে ভ্রমণ করে॥১৪॥

লঙ্কানগরে চৈত্রশুক্লপ্রতিপদতিথিতে রবিবার সূর্য্যোদয়ে মাসবর্ষযুগাদির যুগপৎ প্রথম প্রবৃত্তি হইয়াছিল॥ ১৫॥

চক্ষের পলক পড়িতে যে সময় অতিবাহিত হয় সেই সময়ের ত্রিশ ভাগের একভাগ সময়কে তৎপর বলে। তৎপরের একশত ভাগ কালকে ত্রুটি কহে।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0004

ত্রিংশৎকলার্ক্ষী ঘটিকা ক্ষণঃ স্যান্নাড়ীদ্বয়ং তৈঃ খণ্ডৈর্দিনঞ্চ।
গুর্ব্বক্ষরৈঃখেন্দুমিতৈরসুস্তৈঃষড়্ভিঃপলংতৈর্ঘটিকাখষড়্ভিঃ॥১৭
স্যাদ্বা ঘটীষষ্টিরহঃ খরামৈর্মাসো দিনৈস্তৈর্দ্বিকুভিশ্চ বর্ষং।
ক্ষেত্রে সমাদ্যেনসমা বিভাগাঃ স্যুশ্চক্ররাশ্যংশকলাবিলিপ্তাঃ॥১৮॥

পাঠঃ। কাষ্ঠাত্রিংশতা কলোক্তা। কলানাং ত্রিংশতা ঘটিকা। সা চার্ক্ষী ভত্রমস্য ষষ্টিভাগ ইত্যর্থঃ। ঘটিকাদ্বয়েন ক্ষণো মুহূর্ত্তঃ। ক্ষণানাং ত্রিংশতা দিনম্। অথ প্রকারান্তরেণ দিনমুচ্যতে। গুর্ব্বক্ষরৈঃ খেন্দুমিতৈরসুরিতি। একমাত্রো লঘুঃ। দ্বিমাত্রো গুরুঃ। তথা সানুস্বারো বিসর্গান্তো দীর্ঘো যুক্তপরস্ত যঃ। ইতি ছন্দোলক্ষণে প্রতিপাদিতং। যদক্ষরং সানুস্বারং বিসর্গান্তং দীর্ঘং যস্যাক্ষরস্য পরতঃ সংযোগস্তল্লঘুপি গুরুসংজ্ঞং জ্ঞেয়ং। গুর্ব্বক্ষরস্যোচ্চার্য্যমাণস্য যাবান্ কালস্তদ্দশকেনৈকোঽসুঃ প্রাণঃ। প্রশস্তেন্দ্রিয়পুরুষস্য শ্বাসোচ্ছ্বাসান্তর্বর্ত্তী কাল ইত্যর্থঃ। ষড়্ভিঃ প্রাণৈরেকং পানীয়পলং। পলানাং ষষ্ট্যা ঘটী। ঘটীনাং ষষ্ট্যা দিনং। ত্রিংশদ্দিনৈরেকো মাসঃ। মাসৈর্দ্বাদশভির্বর্ষমিতি কালস্য বিভাগো দর্শিতঃ। অথৈতৎ প্রসঙ্গেন ক্ষেত্রবিভাগোপি কথিতঃ। ক্ষেত্রে সমাদ্যেন সমা বিভাগা ইতি ক্ষেত্রে কক্ষায়াং সমাদ্যেন বর্ষাদ্যেন সমাস্তুল্যাঃ

অষ্টাদশ নিমেষ পরিমিত কালকে কাষ্ঠা এবং ত্রিশ কাষ্ঠায় এক কলা হয় এইরূপ খণ্ড কালের সংজ্ঞা গণকগণ কর্ত্তৃক নিরূপিত হয়॥ ১৬॥

ত্রিশকলায় এক নাক্ষত্রিক ঘটী ও দুই ঘটীতে একমুহূর্ত্ত হয়। ত্রিশ মুহূর্ত্তে এক দিন হয়। দশটী গুরু অক্ষর উচ্চারণ করিতে যে কাল অতিবাহিত হয় তাহাকে প্রাণ বলে। ছয় প্রাণে এক পল এবং ষষ্টি পলে এক ঘটী হয়॥১৭॥(ক)

(ক) ১৬।১৭ শ্লোকে যে সময় নিরূপণের প্রথা কথিত হইল উহার সহিত জ্যোতিষের সম্বন্ধ নাই। এক ঘটির ত্রিংশাশ কলা অর্থাৎ ২ পল। কলার ত্রিংশাংশ অর্থাৎ ৪ বিপলে এক কাষ্ঠা। তাহার অষ্টাদশ ভাগ একটী নিমেষ। পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ সিদ্ধান্ত করিয়াছেন যে, এক সেকেণ্ডের দশমাংশ কাল পর্য্যন্ত কোন দৃশ্য দ্রব্য অন্তরিত হইলেও তাহার আলেখ্য চক্ষুর মধ্যে থাকায় দৃষ্ট হয়। অতিদ্রুতভাবে পলক ফেলিলেও দৃষ্ট দ্রব্যের অন্তরায় ঘটে না। আর্য্য ঋষিগণ নিমেষের পরিমাণ প্রায় আধুনিক সেকেণ্ডের দশমাংশ নির্ণয় করায় অক্ষমধ্যে আলেখ্যস্থিতি কাল নির্ণীত হইয়াছে।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0005

রবেশ্চক্রভোগোঽর্কবর্ষংপ্রদিষ্টং
দ্যুরাত্রঞ্চ দেবাসুরাণাং তদেব।
রবীন্দ্বোর্যুতেঃ সংযুতির্যাবদন্যা
বিধোর্মাস এতচ্চ পৈত্র্যং দ্যুরাত্রং ॥ ১৯ ॥

ক্ষেত্রবিভাগা জ্ঞেয়াঃ। তে কে, চক্ররাশ্যংশকলাবিলিপ্তাঃ। যথৈকস্য বর্ষস্য মাসদিনাদয়ো বিভাগা এবং ভগণস্য রাশ্যংশাদয়ঃ ॥ ১৬।১৭।১৮ ॥

ইদানীমনয়ৈব কালবিভাগপরিভাষয়া সৌরাদীনি তন্মানান্যাহ। অথ অর্কমানং। রবির্যাবতা কালেন পূর্ব্বগত্যা মেষাদিভচক্রং ভ্রমতি তাবৎ প্রমাণং রবিবর্ষং প্রদিষ্টং। তস্য দ্বাদশভাগো রবিমাসঃ। মাসস্য ত্রিশদংশোর্কদিনম্। দিনষষ্ট্যংশোঽর্কঘটিকা। তৎষষ্ট্যংশোঽর্ক বিঘটিকেতি পূর্ব্বপরিভাষয়া সর্ব্বত্র বেদিতব্যং ইত্যর্কমানং।

অথদৈবমানং। দ্যুরাত্রং চ দেবাসুরাণাং তদেবেতি। যদর্কবর্ষং তদেব দেবানাং দৈত্যানাং চ দ্যুরাত্রমহোরাত্রম্। একমেব তেষামহোরাত্রম্। কিন্তু যদ্দেবানাং দিনং সা দৈত্যানাং রজনী। তথাচ গোলে বক্ষ্যতি। অস্মাদহো-

---

ষষ্টিদণ্ডে এক দিবস, ত্রিশ দিবসে মাস এবং দ্বাদশ মাসে বর্ষ হয়। ইহা গ্রহকক্ষা ক্ষেত্রে বিন্যাস করিলে বর্ষ-রাশিচক্র, মাস-রাশি, দিবস-অংশ, ঘটি-কলা ও পল-বিকলা রূপে যথাক্রমে বিভক্ত হইয়া সংজ্ঞালাভ করে ॥ ১৮ ॥

রবির সমগ্র রাশিচক্র ভোগকে সূর্য্যবর্ষ বলিয়া কথিত হয় উহাই দেবাসুরের অহোরাত্র। রবি ও চন্দ্রের একত্র সমাবেশ হইতে পুনর্ব্বার সংযোগ কালকে চান্দ্রমাস বলে উহাই পিতৃ দিন ॥ ১৯ ॥ (খ)

(খ) পাশ্চাত্য পণ্ডিতগণ কালনির্ণয়ের জন্য দুইটী পন্থা গ্রহণ করিয়াছেন। মধ্যম সূর্য্যের অহোরাত্র ভ্রমণের কালকে দিবস সংজ্ঞা দিয়াছেন অর্থাৎ সায়ন মধ্যম সূর্য্য স্বদেশীয় মধ্যরেখা পরিত্যাগ করতঃ পুনরায় উহাতে আগমনের কালের যে অন্তর তাহাকে একটী দিবস বলেন। সেই দিবসের ২৪ অংশ ঘণ্টা ও ঘণ্টার ৬০ ভাগ মিনিট ও মিনিটের ৬০ ভাগকে সেকেণ্ড আখ্যা দেওয়া হইয়াছে। এক ঘণ্টায় ২॥০ দণ্ড। এক দণ্ডে ২৪ মিনিট। সাধারণে সময় নির্দ্দেশের জন্য ঘটিকা যন্ত্র ব্যবহার করিয়া থাকেন। প্রথম প্রকার যন্ত্রে দুলিত

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0006

ইনোদয়দ্বয়ান্তরং তদর্কসাবনং দিনম্।

রাত্রান্মাসবর্ষাদিকল্পনা তয়ৈব পরিভাষয়া। এবং দেবানাং বর্ষং রবিবর্ষশত-ত্রয়েণ ষষ্ট্যধিকেন ভবতি ইতি দৈবমানম্।

অথচান্দ্রমানং। রবীন্দ্বোর্যুতেঃ সংযুতির্যাবদন্যা বিধোর্মাস ইতি। রবী-ন্দ্বোর্যুতিরমাবাস্যান্তে ভবতি। তস্যা যুতেরন্যযুতিপর্য্যন্তং যাবান্ কালস্তাবান্

সূর্য্যের এক উদয় হইতে অপর উদয়ের মধ্যবর্ত্তী কালকে অর্কসাবন দিন

পিণ্ডের সাহায্য ও দ্বিতীয় প্রকার যন্ত্রে বস্তুর স্থিতিস্থাপকতার উপর নির্ভর করা হয়। পদার্থবিদ্যাবিদ্‌গণ স্থির করিয়াছেন যে, যখন পৃথিবীর মাধ্যাকর্ষণজনিত ঝুলান দ্রব্য সর্ব্ব নিম্ন স্থান হইতে চ্যুত হইলে দুলিতে থাকে এবং আকর্ষণ যখন পরমাণুগত তখন পিণ্ডের পার্থক্যে দোলনকালের পার্থক্য হইবার কোন কারণ নাই। দোলনের বিস্তৃতি অল্প হইলে, বিস্তৃতির সহিতও দোলনকালের সম্বন্ধ নাই। কেবল ঝুলন রজ্জুর বিস্তারের উপর সকলই নির্ভর করে। তাঁহারা নির্দ্দেশ করিয়াছেন যে সেকেণ্ড কালব্যাপী দুলনের জন্য সাধারণতঃ ৩৯ ইঞ্চ পরিমিত রজ্জুর আবশ্যক। অবশ্য স্থানবিশেষে মাধ্যাকর্ষণ পার্থক্য হইলে কালেরও সামান্য বৈলক্ষণ্য ঘটে।

রবি যে সময়ের মধ্যে মেষরাশির আদি পরিত্যাগ করিয়া পুনরায় তথায় উপস্থিত হন, সেই কালকে সৌরবর্ষ বলিয়া থাকে। উহার পরিমাণ পরে উল্লিখিত হইবে।

হিন্দুগণ দেব ও অসুরের আবাস স্থান মেরুদ্বয়ে নির্দ্দেশ করিয়াছেন। মেরুপ্রদেশে ছয়মাস সূর্য্য উদিত ও ছয়মাস অস্ত থাকেন। মেরু দ্বয় হইতে প্রায় অংশাদি ২৩।২৭ দূর পর্য্যন্ত স্থানসমূহে কতিপয় দিবস ব্যাপী দিবারজনী হইয়া থাকে। তদ্দূরবর্ত্তী প্রদেশে অর্থাৎ মর্ত্ত্যলোকে কেবল মাত্র দিবস রজ-নীর কালের বৈষম্য ঘটিয়া থাকে। কিন্তু বিষুবদ্‌রেখাগত স্থানে দিবস ও রজনীর তারতম্য কখনই ঘটে না এবং মর্ত্ত্যলোকের বিষুবদ্‌গত রবি দিনেও দিবারাত্রির তারতম্য নাই।

রবি চন্দ্রের একত্র অবস্থান হইলে অমান্ত ঘটে। এক অমান্ত হইতে পর অমান্তই চান্দ্রমাস। হিন্দুশাস্ত্রে কথিত হইয়াছে পিতৃগণ চন্দ্রলোকে বাস করেন। স্বীয় অক্ষোপরি চন্দ্রের আবর্ত্তন কালের সহিত পৃথ্বী পরিভ্রমণ কালের

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0007

তদেব মেদিনীদিনং ভবাসরস্তু ভভ্রমঃ ॥ ২০ ॥

বিধুমাসঃ। এবং যোঽত্রামাবাস্যান্তো মাসঃ স বিধুমাসঃ ইত্যুক্তং ভবতি। তস্মান্মাসাৎ পূর্ব্বপরিভাষয়া বর্ষাদিকল্পনেতি চান্দ্রমানং।

অথপৈত্র্যং। এতচ্চপৈত্র্যং দ্ব্যরাত্রমিতি। যো বিধুমাসস্তদেব পিতৃণামহোরাত্রম্। অতঃ পূর্ব্ববন্মাসবর্ষাদিকল্পনা। ইতি পৈত্র্যং।

অথসাবনং। ইনোদয়দ্বয়ান্তরমিতি। অর্কোদয়য়োরন্তরং যত্তদর্কসাবনং দিনং তদেব কুদিনসংজ্ঞং জ্ঞেয়ং। অত্রাপি পূর্ব্ববন্মাসবর্ষাদি কল্পনা। অত্রার্ক গ্রহণমুপলক্ষণং তেনান্যেষামপি গ্রহাণাং তদুদয়দ্বয়ান্তরং তৎসাবনমিতি। ইতি সাবনম্।

অথ নাক্ষত্রমানম্। ভবাসরস্তু ভভ্রম ইতি। ভভ্রমো নক্ষত্রসাবনমিত্যর্থঃ। ইতি নাক্ষত্রম্ ॥ ১৯।২০ ॥

বলে। অর্কসাবনদিনই ভৌমদিন। নক্ষত্রের রাশিচক্রভ্রমণই নাক্ষত্রিক দিন ॥ ২০ ॥ (গ)

সাম্যতা থাকায়, আমরা সর্ব্বদাই চন্দ্রের একার্দ্ধ দর্শন করিতে পাই। পিতৃলোক মর্ত্ত্যমানবের দর্শনযোগ্য স্থান নহে বলিয়া চন্দ্রের যে অংশ আমাদিগের নয়ন পথে পতিত হইতে পারে না তাহাতেই উহা অধিষ্ঠিত। ব্যাপ্তিহীনতা বশতঃ উহা ঠিক অপর পার্শ্বে নির্দ্দিষ্ট আছে। অতএব পিতৃলোকে কৃষ্ণাষ্টমীতে প্রাতঃকাল হইয়া অমান্তে মধ্যাহ্ন কাল হয়। তাই অমান্তে শ্রাদ্ধের ব্যবস্থা হইয়াছে। পূর্ণিমায় তাঁহাদিগের ঘোর নিশা।

(গ) মধ্যরাত্র হইতে দিনারম্ভ কল্পিত হইলেও এক সূর্য্যোদয় হইতে অপর সূর্য্যোদয়ের মধ্যবর্ত্তী কাল সৌরসাবনদিন বলিয়া সংজ্ঞিত। দেশভেদে উদয়কালের পার্থক্য হইয়া থাকে এবং সূর্য্যের তাৎকালিক গতির জন্যও পার্থক্য লাভ করে। মধ্যোদয় অর্থাৎ স্ব মধ্যরেখায় (যাম্যোত্তর) সূর্য্যোদয়ের কাল গ্রহণ করিলে প্রথমোক্ত পার্থক্যটী অন্তর্হিত হয় এবং মধ্য সূর্য্যের উদয় গ্রহণ করিলে দ্বিতীয় পার্থক্য হয় না। পাশ্চাত্য পণ্ডিতগণ কালনির্ণয়জন্য ট্রান্‌জিট্ নামক যন্ত্র ব্যবহার করিয়া থাকেন। একটী দুরবীক্ষণ যন্ত্র ঠিক মধ্যরেখায় রক্ষিত হয়। সূর্য্য সেই যন্ত্র মধ্যে দৃষ্ট হইলেই বুঝা যায় যে মধ্যরেখায় আসিয়াছেন, অতএব উহাই মধ্যাহ্ন। কিন্তু উহা তাৎকালিক মধ্যাহ্ন, প্রকৃত

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0008

খখাভ্রদন্তসাগরৈর্যুগাগ্নিযুগ্মভূগুণৈঃ।
ক্রমেণ সূর্য্যবৎসরৈঃ কৃতাদয়ো যুগাস্ত্রয়ঃ ॥ ২১ ॥

ইদানীং ব্রাহ্মমানমাহ। খখাভ্রদন্তসাগরৈরিতি। রবিবর্ষাণাং লক্ষচতুষ্টয়েন দ্বাত্রিংশৎসহস্রাধিকেন চতুর্গুণেন কৃতং নাম প্রথমো যুগচরণঃ ১৭২৮০০০ ত্রিগুণেন ত্রেতা সংজ্ঞো দ্বিতীয়ো যুগচরণঃ ১২৯৬০০০। দ্বিগুণেন দ্বাপরাখ্যস্তৃতীয়ঃ ৮৬৪০০০। একগুণেন কলিশ্চতুর্থঃ ৪৩২০০০। কিং বিশিষ্টা এতে যুগচরণাঃ। স্বসন্ধ্যকা তদংশকৈর্নিজার্কভাগসম্মিতৈর্যুতাশ্চ। যুগচরণপ্রমাণস্য যো দ্বাদশাংশস্তৎপ্রমাণা তস্য চরণস্য সন্ধ্যা। সা চরণাদৌ ভবতি। তাবাংশ্চসন্ধ্যাংশঃ। স চরণস্যান্তে। এবং স্বসন্ধ্যা সন্ধ্যাংশৈঃ সহ এতে যুগচরণাঃ কথিতা ইত্যর্থঃ।

৪৩২০০০ কে চারি, তিন, দুই ও এক দিয়া গুণ করতঃ গুণ ফল ক্রমশঃ

মধ্যমধ্যাহ্ন নির্দ্দেশ করিতে হইলে বিষুবদ্বৃত্তোপরি মন্দফল জনিত পার্থক্যের সংস্কার করিতে হয়।

হিন্দু শাস্ত্রকারদিগের মতে রাশ্যাশ্রিত নক্ষত্রগণ অচল অর্থাৎ অহোরাত্র বৃত্ত আশ্রয় করিয়া চির প্রতিষ্ঠিত। পাশ্চাত্য জ্যোতির্ব্বিদ্‌গণ পৃথ্বীর আবর্ত্তনেরও পার্থক্য অনুভব করিতে সমর্থ হইয়াছেন। বহুবিধ কারণ বশতঃ আবর্ত্তন কাল ক্রমশই অল্প হইয়া আসিতেছে।

অর্কসাবন দিনের অপর সংজ্ঞা কুদিন। সূর্য্যসিদ্ধান্তকার সেই কুদিন সংখ্যার নিরয়ণ সৌর বর্ষমান ৩৬৫।১৫।৩১।৩১।২৪ স্থির করিয়াছিলেন, কিন্তু ভাস্করাচার্য্য তাহা স্বীকার করেন নাই। তাঁহার সৌরবর্ষমান ৩৬৫।১৫।৩০।২২।৩০ দিনাদিতে। অতএব সাবনদিনমান কখনই স্থির নহে; নিরক্ষপ্রদেশে চরজনিত সংস্কারের প্রয়োজন না হইলেও, ভুজান্তর ও উদগমান্তর সংস্কার করা উচিত হইয়া পড়ে। পার্থক্য সামান্য বলিয়াই সাধারণত দিনমান ৬০ দণ্ডে ধরিয়া লওয়া যায়। নাক্ষত্রিক দিননির্ণয় স্থলে বলিয়াছেন যে, ঐরূপ নক্ষত্রের একবার উদয় হইতে অন্যোদয়ের অন্তর কালকে নাক্ষত্রিক দিন বলে। অন্যান্য গ্রহেরও গ্রহদিন ঐ প্রকারে নির্ণিত হইয়া থাকে। সৌর একবর্ষে নাক্ষত্রিক দিন একটী বৃদ্ধি হয়, কারণ উক্ত কালে ভচক্র একবার সূর্য্যের সহিত ভ্রমণ করিয়া আইসে। পাশ্চাত্য পণ্ডিতগণ সাবন সৌর ও নাক্ষত্রিক দিনের পরিমাণের অন্তর তিন মিনিট ৫৬.৫৫৫৪ সেকেণ্ড বলিয়া স্থির করিয়াছেন।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0009

স্বসন্ধ্যকা তদংশকৈর্নিজার্কভাগসম্মিতৈঃ।
যুতাশ্চ তদ্‌যুতৌ যুগং রদাব্ধয়োঽযুতাহতাঃ ॥ ২২ ॥
মনুঃ ক্ষমানগৈর্যুগৈর্যুগেন্দুভিশ্চ তৈর্ভবেৎ।
দিনং সরোজজন্মনো নিশা চ তৎ প্রমাণিকা ॥ ২৩ ॥

কৃতাদৌ সন্ধ্যাবর্ষাণি ১৪৪০০০ কৃতান্তে সন্ধ্যাংশঃ ১৪৪০০০। ত্রেতাদৌ সন্ধ্যা ১০৮০০০ ত্রেতান্তে সন্ধ্যাংশঃ ১০৮০০০। দ্বাপরাদৌ সন্ধ্যা ৭২০০০। দ্বাপরান্তে সন্ধ্যাংশঃ ৭২০০০ কল্যাদৌ সন্ধ্যা ৩৬০০০ কল্যন্তে সন্ধ্যাংশঃ ৩৬০০০ তদ্‌যুতৌ যুগমিতি। তেষাং চতুর্ণাং চরণপ্রমাণানাং যুতৌ যুগপ্রমাণম্। তচ্চ রদাব্ধয়োঽযুতাহতাঃ ৪৩২০০০০। মনুঃক্ষমানগৈর্যুগৈরিতি। তৈর্যুগৈরেকসপ্ততা-

---

সূর্য্যবর্ষ পরিমাণে সত্য, ত্রেতা, দ্বাপর ও কলিযুগের পরিমাণ হয়। সত্য ১৭২৮০০০ ত্রেতা ১২৯৬০০০ দ্বাপর ৮৬৪০০০ ও কলি ৪৩২০০০ ॥ ২১ ॥ (ঘ)

প্রত্যেক যুগের দ্বাদশভাগ সন্ধ্যা ও অপর দ্বাদশ ভাগ সন্ধ্যাংশ। যুগের আরম্ভে যুগদ্বাদশাংশবর্ষকাল যুগসন্ধ্যাবর্ষ। যুগের অন্তে যুগদ্বাদশাংশ বর্ষ যুগ সন্ধ্যাংশবর্ষ। সত্যযুগের প্রারম্ভে সন্ধ্যাবর্ষ ১৪৪০০০ তদন্তে সন্ধ্যাংশবর্ষ ১৪৪০০০। ত্রেতাযুগের প্রারম্ভে সন্ধ্যাবর্ষ ১০৮০০০ ত্রেতান্তে সন্ধ্যাংশবর্ষ ১০৮০০০। দ্বাপর প্রারম্ভে সন্ধ্যাবর্ষ ৭২০০০ দ্বাপরান্তে ৭২০০০ সন্ধ্যাংশ। কলিপ্রারম্ভে সন্ধ্যাবর্ষ ৩৬০০০ কল্যন্তে সন্ধ্যাংশ ৩৬০০০ ॥ ২২ ॥

একসপ্ততি সংখ্যক মহাযুগে একমনু। চতুর্দ্দশ মনু পরিমিত কাল ব্রহ্মার একদিবস। দিবাকালের তুল্যপরিমাণ তাঁহার রাত্রি ॥ ২৩ ॥

(ঘ) কলির পরিমাণ ৪৩২০০০ বর্ষ। মহাযুগের পরিমাণ ইহার এক, দ্বি, ত্রি ও চতুর্গুণের সমষ্টি অর্থাৎ ইহার দশগুণ ৪৩২০০০০; ৭১ মহাযুগে এক মনু ১৪ মনুতে একব্রহ্মদিন বা কল্প। অতএব ৯৯৪ মহাযুগে কল্প, কিন্তু প্রত্যেক মনুর আরম্ভে একটী কৃতযুগ পরিমাণে কাল থাকিয়া যায় ও শেষ মনুর অন্তেও ঐরূপ একটী অবকাশ দেখিতে পাওয়া যায় উহাকে মনুসন্ধি বলে। অর্থাৎ এইরূপ ১৫টী সত্যযুগ পরিমিত কাল কল্পে অধিক হইয়া থাকে। ১৫টী কৃতযুগের পরিমাণ ৬টী মহাযুগ। অতএব উক্ত মনুসন্ধিকাল ৬ মহাযুগ উপর্য্যুক্ত ৯৯৪টী মহাযুগে যোগ করিলে ১০০০ মহাযুগে একটী ব্রহ্মদিন হইল। সন্ধ্যা বা সন্ধ্যাংশকাল যুগকালের খণ্ডিত অংশ বিশেষ কিন্তু মনুসন্ধি মনুকালের অতিরিক্ত কাল।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0010

১: .৩২:: ১৩. ৪: কত ? অর্থাৎ .৩২ × ১৩. ৪ = ৪.২৩ ; ৫৮ এর জন্য ৮।৩৪.৮ এবং .৩২ এর জন্য ৪.২। খণ্ডা হইতে অনুখণ্ডা অল্প বলিয়া শেষোক্ত অঙ্ক বিয়োজ্য। অতএব ৫৮.৩২ জন্য ৮।৩৪.৮ − ৪.২ = ৮।৩০.৬ মন্দ ফলাংশাদি।

পুনশ্চ, কেন্দ্রপাদ ৫৮.৩২, পঞ্চম সারিণী অনুসারে,—

৫৮	১০.২০৫৮ খণ্ডা
৫৯	১০.২০৬৯ অনুখণ্ডা

খণ্ডানুখণ্ডান্তর চতুর্থদাশমিকে ১১ অতএব ১:.৩২::১১: কত ? এই ত্রৈরাশিক সমাধান করিলে, লব্ধাঙ্ক .৩২ × ১১ = ৩.৫২ অর্থাৎ প্রায় চতুর্থদাশমিকে ৪ ; ৫৮ খণ্ডা ১০.২০৫৮ উহাতে, অনুখণ্ডা খণ্ডাপেক্ষা বড় বলিয়া .৩২ জন্য চতুর্থ দাশমিকের ৪ যোগ করিলে ১০.২০৬২ হইল। উহাই মন্দকর্ণচারাঙ্ক।

চতুর্থ সারিণী।

[কুজ মন্দকেন্দ্রপাদানুসারে অংশাদি মন্দফল]

	০	১০	২০	৩০	৪০	৫০
০	−০।৩.৩	+ ৪।১৪.১	+ ৭।৪৫.৫	+ ৯।৫৮.৮	+ ১০।৪২.২	+ ১০।০.৩
১	+০।২৩.২	৪।৩৮.০	৮।২ .৭	১০।৭ .২	১০।৪১.৬	৯।৫১.৯
২	০।৪৯.৭	৫।১ .৪	৮।১৯.১	১০।১৪.৭	১০।৪০.৩	৯।৪২.৮
৩	১।১৬.১	৫।২৪.২	৮।৩৪.৬	১০।২১.৩	১০।৩৮.১	৯।৩৩.১
৪	১।৪২.৪	৫।৪৬.৪	৮।৪৯.৩	১০।২৭.০	১০।৩৫.০	৯।২২.৬
৫	২।৮ .৪	৬।৮ .০	৯।৩ .১	১০।৩১.৮	১০।৩১.১	৯।১১.৬
৬	২।৩৪.৩	৬।২৯.০	৯।১৬.১	১০।৩৫.৬	১০।২৬.৫	৯।০.০
৭	২।৫৯.৮	৬।৪৯.২	৯।২৮.১	১০।৩৮.৬	১০।২১.১	৮।৪৭.৭
৮	৩।২৫.০	৭।৮ .৮	৯।৩৯.৩	১০।৪০.৭	১০।১৪.৯	৮।৩৪.৮
৯	৩।৪৯.৮	৭।২৭.৫	৯।৪৯.৫	১০।৪১.৮	১০।৭ .৯	৮।২১.৪
	৬০	৭০	৮০	৯০	১০০	১১০
০	+৮।৭ .৪	+ ৫।২২.৫	+ ২।৫ .৩	− ১।২৩.৮	− ৫।৪৫.০	− ৭।৩৮.০
১	৭।৫২.৯	৫।৩ .৯	১।৪৪.৬	১।৪৪.৬	৫।৩ .৯	৭।৫২.৯
২	৭।৩৮.০	৪।৪৫.০	১।২৩.৮	২।৫ .৩	৫।২২.৫	৮।৭ .৪
৩	৭।২২.৫	৪।২৫.৮	১।২ .৯	২।২৫.৯	৫।৪০.৮	৮।২১.৪
৪	৭।৬ .৬	৪।৬ .৩	০।৪২.০	২।৪৭.৪	৫।৫৮.৭	৮।৩৪.৮

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0011

৫	৬।৫০.২	৩।৪৬.৬	০।২১.০	৩।৬ .৭	৬।১৬.৩	০৮।৪৭.৭
৬	৬।৩৩.৫	৩।২৬.৮	০।০ .০	৩।২৬.৮	৬।৩৩.৫	৯।০.০
৭	৬।১৬.৩	৩।৬ .৭ —	০।২১.০	৩।৪৬.৬	৬।৫০.২	৯।১১.৬
৮	৫।৫৮.৭	২।৪৭.৪	০।৪২.০	৪।৬ .৩	৭।৬ .৬	৯।২২.৬
৯	৫।৪০.৮	২।২৫.৯	১।২ .৯	৪।২৫.৮	৭।২২.৫	৯।৩৩.১
	১২০	১৩০	১৪০	১৫০	১৬০	১৭০
০	— ৯।৪২.৮ —	১০।৪০.৩ —	১০।১৪.৭ —	৮।১৯.১ —	৫।১ .৪ —	০।৪৯.৭
১	৯।৫১.৯	১০।৪১.৬	১০।৭.২	৮।২ .৭	৪।৩৮.০	০।২৩.২
২	১০।৪ .৩	১০।৪২.২	৯।৫৮.৮	৭।৪৫.৫	৪।১৪.১ +	০।৩.৩
৩	১০।৭ .৯	১০।৪১.৮	৯।৪৯.৫	৭।২৭.৫	৩।৪৯.৮	
৪	১০।১৪.৯	১০।৪০.৭	৯।৩৯.৩	৭।৮ .৮	৩।২৫.০	
৫	১০।২১.১	১০।৩৮.৬	৯।২৮.১	৬।৪৯ .২	২ ৫৯.৮	
৬	১০।২৬.৫	১০।৩৫.৬	৯।১৬.১	৬।২৯ .০	২।৩৪.৩	
৭	১০।৩১.১	১০।৩১.৮	৯।৩ .১	৬।৮ .০	২।৮ .৪	
৮	১০।৩৫.০	১০।২৭.০	৮।৪৯.৩	৫।৪৬.৪	১।৪২.৪	
৯	১০।৩৮.১	১০।২১.৩	৮।৩৪.৬	৫।২৪.২	১।১৬.১	

পঞ্চমসারিণী।

[কেন্দ্রপাদ হইতে কুজমন্দকর্ণ-চারাঙ্ক।]

	০	১০	২০	৩০	৪০	৫০
০	১০.১৪০৩	১০.১৪৩৭	১০.১৫৩৪	১০,১৬৭০	১০১৮২০	১০.১৯৬২
১	৪০৩	৪৪৪	৫৪৬	৬৮৫	৮৩৫	৯৭৫
২	৪০৪	৪৫২	৫৫৯	৭০০	৮৫০	৯৮৭
৩	৪০৬	৪৬১	৫৭২	৭১৫	৮৬৪	২০০০
৪	৪০৮	৪৭০	৫৮৫	৭৩০	৮৭৯	০১২
৫	৪১১	৪৭৯	৫৯৯	৭৪৫	৮৯৩	০২৪
৬	৪১৫	৪৮৯	৬১৩	৭৬০	৯০৭	০৩৬
৭	৪২০	৫০০	৬২৭	৭৭৫	৯২১	০৪৭
৮	৪২৫	৫১১	৬৪১	৭৯০	৯৩৫	০৫৮
৯	৪৩১	৫২২	৬৫৬	৮০৫	৯৪৮	০৬৯

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0012

	৬০	৭০	৮০	৯০	১০০	১১০
০	১০.২০৭৯	১০.২১৬৩	১০.২২০৮	১০.২২১২	১০.২২	১০.১৭৫০৯৯
১	০৮৯	১৬৯	২১০	২১০	১৬৯	০৮৯
২	০৯৯	১৭৫	২১২	২০৮	১৬৩	০৭৯
৩	১০৮	১৮১	২১৪	২০৫	১৫৩	০৬৯
৪	১১৭	১৮৬	২১৫	২০২	১৪৯	০৫৮
৫	১২৫	১৯০	২১৫	১৯৯	১৪২	০৪৭
৬	১৩৪	১৯৫	২১৫	১৯৫	১৩৪	০৩৬
৭	১৪২	১৯৯	২১৫	১৯০	১২৫	০২৪
৮	১৪৯	২০২	২১৫	১৮৬	১১৭	০১২
৯	১৫৬	২০৫	২১৪	১৮১	১০৮	০০০

	১২০	১৩০	১৪০	১৫০	১৬০
০	১০.১৯৮৭	১০.১৮৫০	১০.১৭০০	১০.১৫৫৯	১০.১৪৫২
১	৯৭৫	৮৩৫	৬৮৫	৫৪৬	৪৪৪
২	৯৬২	৮২০	৬৭০	৫৩৪	৪৩৭
৩	৯৪৮	৮০৫	৬৫৬	৫২২	৪৩১
৪	৯৩৫	৭৯০	৬৪১	৫১১	৪২৫
৫	৯২১	৭৭৫	৬২৭	৫০০	৪২০
৬	৯০৭	৭৬০	৬১৩	৪৮৯	৪১৫
৭	৮৯৩	৭৪৫	৫৯৯	৪৭৯	৪১১
৮	৮৭৯	৭৩০	৫৮৫	৪৭০	৪০৮
৯	৮৬৪	৭১৫	৫৭২	৪৬১	৪০৬

১২। কুজমধ্যে মন্দফলাংশ সংস্কার (অর্থাৎ সারিণীতে যোগ চিহ্ন থাকিলে যোগ ও বিয়োগ চিহ্ন থাকিলে বিয়োগ) করিলে কুজ মন্দ স্পষ্ট হইবে।

উদাহরণ,—কুজমন্দস্পষ্ট = কুজমধ্য + মন্দফল। কুজমধ্যঅংশাদি ৯৬।১২'৬ মন্দফলাংশাদি ৮।৩০'৬। সারিণীতে যোগ চিহ্ন থাকায় যোগ করিয়া ১০৪।৪৩'১ অংশাদি কুজমন্দস্পষ্ট হইল।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0013

১৩। অব্দপিণ্ডকে ৪৬ দ্বারা গুণ করিয়া ১০০ দ্বারা ভাগ করিলে যে ফল লব্ধ হইবে তত কলাদির সহিত পাতক্ষেপাংশাদি ৪৮।৪৭'২ যোগ করিলে কুজ পাত হইবে।

১৯০০খৃষ্টাব্দের পূর্ব্বে হইলে অব্দপিণ্ডকে ৪৬ দিয়া গুণ করিয়া ১০০ দ্বারা ভাগ করিলে যে কলাদি ফল হইবে তাহা ক্ষেপাংশাদি ৪৮।৪৭'২ হইতে বিয়োগ করিলে কুজপাত হইবে।

উদাহরণ,—কুজপাতাংশাদি = ৪৮।৪৭'২ + অব্দপিণ্ড × '৪৬কলা। অব্দগণ ০, ইহার সহিত গুণ ভাগ দ্বারা শূন্যই লাভ হয় অতএব ৪৮।৪৭'২ ক্ষেপাংশই ১৯০০ সনের কুজপাত।

১৪। কুজমন্দ স্পষ্ট হইতে কুজপাত হীন করিলে পাতকেন্দ্র হইবে। পাতকেন্দ্র ১৮০ অংশ অপেক্ষা অধিক হইলে ১৮০ অংশ হইতে বিয়োগ করিবে। অবশিষ্টাঙ্ক ৯০ অংশ অপেক্ষা অধিক হইলে ১৮০ অংশ হইতে অবশিষ্টাঙ্ক বিয়োগ করিবে। বিয়োগফলকে ৫ দিয়া ভাগ করিয়া, ভাগফলানুসারে ষষ্ঠ সারিণী হইতে খণ্ডা গ্রহণ করিলে অংশাদি বিক্ষেপ হইবে। পাতকেন্দ্র ১৮০ অংশের উর্দ্ধ হইলে বিক্ষেপ দক্ষিণ হইবে, নতুবা উত্তরবিক্ষেপ নামে কথিত হইবে।

ষষ্ঠ সারিণী।

[পাতকেন্দ্রের পাতাংশানুসারে বিক্ষেপাংশাদি]

০	০।০	৫	০।৪৬'৯	১০	১।২৫'০	১৫	১।৪৬'৭
১	০।৯'৭	৬	০।৫৫'৫	১১	১।৩০'৯	১৬	১।৪৯'০
২	০।১৯'৩	৭	১।৩'৭	১২	১।৩৬'১	১৭	১।৫০'৬
৩	০।২৮'৭	৮	১।১১'৩	১৩	১।৪০'৬	১৮	১।৫১'০
৪	০।৩৭'৯	৯	১।১৮'৫	১৪	১।৪৪'৩	১৯	১।৫০'৬

উদাহরণ,—কুজপাত কেন্দ্র = কুজমন্দস্পষ্ট − কুজপাত − ১৮০° যদি কুজপাত কেন্দ্র ১৮০° অধিক হয়।

$\frac{\text{অবশিষ্ট}}{৫}$ বা $\frac{\text{১৮০ — অবশিষ্ট যদি ৯০ অপেক্ষা অধিক হয়}}{৫}$

অনুসারে ৬ষ্ঠ সারিণী হইতে অঙ্ক গ্রহণ করিলে বিক্ষেপ। পাতকেন্দ্র মেষাদিতে উত্তর বিক্ষেপ ও তুলাদিতে দক্ষিণ বিক্ষেপ।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0014

কেন্দ্রপাত = কুজমন্দস্পষ্ট ১০৪।৪৩·১ – কুজপাত ৪৮।৪৭·২ অর্থাৎ ৫৫।৫৫·৯ ; ১৮০ এর অনধিক ও ৯০ এর অনধিক। উহাকে ৫ ভাগ করিলে ১১।১১·২ অথবা ১১·২ অংশ।

১১ খণ্ডা ১।৩০·৯ ১২ খণ্ডা ১।৪০·৬ উভয়ের অন্তর ৯·৭। ·২ × ৯·৭ = ১·৯৪ উহা খণ্ডা ১।৩০·৯তে যোগ করিলে ১।৩২·৮ কুজমন্দবিক্ষেপ। উহা উত্তর কারণ পাতকেন্দ্র মেষাদি ৬ রাশি মধ্যে।

রবির দিনাদিকেন্দ্র।

১৫। দিনবৃন্দ হইতে ১·৫৫ বিয়োগ করিয়া সপ্তম সারিণী হইতে সর্ব্বোচ্চ অঙ্ক যতক্ষণ বিয়োগ করিতে পারা যায়, করিলে, অবশিষ্ট ৩৬৫·২৫৯ এর অধিক হইবে না। উহাই দিনাদিরবিকেন্দ্র।

১৯০০ খ্রীষ্টাব্দের পূর্ব্বে হইলে দিনবৃন্দে ১·৫৫ যোগ করিয়া সপ্তম সারিণী হইতে সর্ব্বোচ্চ অঙ্ক যতক্ষণ বিয়োগ করিতে পারা যায় বিয়োগ করিলে অবশিষ্ট ৩৬৫·২৫৯ এর অধিক হইবে না। উহা ঋণ সংজ্ঞক। উক্ত অঙ্ক ৩৬৫·২৫৯ হইতে হীন করিলে অবশিষ্ট ধনসংজ্ঞা লাভ করে। উহাই দিনাদি রবিকেন্দ্র।

সপ্তম সারিণী।

[যতদূর সম্ভব সারিণ্যঙ্ক হীন করিতে হইবে]

	একক	দশক	শতক
১	৩৬৫·২৫৯	৩৬৫২·৫৯৬	৩৬৫২৫·৯৬৪
২	৭৩০·৫১৯	৭৩০৫·১৯৩	৭৩০৫১·৯২৮
৩	১০৯৫·৭৭৯	১০৯৫৭·৭৮৯	১০৯৫৭৭·৮৯২
৪	১৪৬১·০৩৯	১৪৬১০·৩৮৬	১৪৬১০৩·৮৫৬
৫	১৮২৬·২৯৮	১৮২৬২·৯৮২	১৮২৬২৯·৮২১
৬	২১৯১·৫৫৮	২১৯১৫·৫৭৮	২১৯১৫৫·৭৮৫
৭	২৫৫৬·৮১৭	২৫৫৬৮·১৭৫	
৮	২৯২২·০৭৭	২৯২২০·৭৭১	
৯	৩২৮৭·৩৩৭	৩২৮৭৩·৩৬৮	

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0015

উদাহরণ,—রবিমন্দকেন্দ্রদিনাদি= —১·৫৫+দিনবৃন্দ—ভ্রম। সপ্তম সারিণীর সর্ব্বোচ্চাঙ্ক (দশকস্থ অঙ্ক হীনযোগ্য হইলে অগ্রে হীন করিয়া পরে এককস্থ অঙ্ক হীনযোগ্য হইলে হীন করিবে।)

দিনবৃন্দ ৩১০—১·৫৫=৩০৮·৪৫ উহা হইতে সপ্তম সারিণীর কোন অঙ্কই হীন হয় না অতএব উহাই দিনাদি রবিকেন্দ্র।

সৌরকর্ণচারাঙ্ক।

১৬। দিনাদি রবিকেন্দ্রে ৫·৩৭ যোগ করিয়া সমষ্টির চতুর্থাংশ গ্রহণ করিলে সৌরকেন্দ্রপাদাঙ্ক হইবে। তদনুসারে অষ্টম সারিণী হইতে অঙ্ক গ্রহণ করিলে সৌরকর্ণচারাঙ্ক হইবে।

অষ্টম সারিণী।

(সৌরকেন্দ্রপাদাঙ্কানুসারে সৌরকর্ণচারাঙ্ক)

	০	১০	২০	৩০
০	৯·৯৯২৬	৯·৯৯৩৯	৯·৯৯৮০	১০·০০২৮
১	২৬	৪২	৮৫	৩৩
২	২৬	৪৬	৯০	৩৮
৩	২৭	৪৯	৯৫	৪২
৪	২৮	৫৩	১০·০০০০	৪৬
৫	২৯	৫৭	০৫	৪৯
৬	৩০	৬১	১০	৫৩
৭	৩২	৬৬	১৫	৫৬
৮	৩৪	৭০	২০	৫৯
৯	৩৭	৭৫	২৪	৬১

	৪০	৫০	৬০	৭০	৮০
০	১০·০০৬৪	১০·০০৭০	১০·০০৪৬	১০·০০০০	৯·৯৯৫৩
১	৬৬	৬৯	৪২	৯·৯৯৯৫	৪৯
২	৬৮	৬৮	৩৮	৯০	৪৬
৩	৬৯	৬৬	৩৩	৮৫	৪২

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3 0016

৪	৭০	৬৪	২৮	৮০	৩৯
৫	৭১	৬১	২৪	৭৫	৩৭
৬	৭২	৫৯	২০	৭০	৩৪
৭	৭২	৫৬	১৫	৬৬	৩২
৮	৭২	৫৩	১০	৬১	৩০
৯	৭১	৪৯	০৫	৫৭	২৯

উদাহৃতি,—

$$\text{সৌরকেন্দ্র পাদাঙ্ক} = \frac{\text{রবিকেন্দ্র} + ৫'৩৭}{৪} = \frac{৩১৩'৮২}{৪} = ৭৮'৪৬$$

অষ্টম সারিণী হইতে ৭৮ সংখ্যার খণ্ডা ৯.৯৯৬১ ও তৎপরবর্ত্তী ৭৯ সংখ্যার খণ্ডা ৯'৯৯৫৭ অনুখণ্ডা ও খণ্ডাদ্বয়ের অন্তর চতুর্থদাশমিকে ৪ উহাকে '৪৬ দিয়া গুণ করিলে চতুর্থদাশমিকে ২ লব্ধ হয়, খণ্ডা হইতে অনুখণ্ডা অল্প বলিয়া ৯'৯৯৬১ হইতে ২ হীন করিলে ৯'৯৯৫৯। উহাই সৌর কর্ণচারাঙ্ক।

কর্ণকেন্দ্রচারাঙ্ক।

১৭। কুজমন্দকর্ণচারাঙ্ক হইতে সৌরকর্ণচারাঙ্ক হীন করিলে যে অঙ্ক হইবে তাহার নাম কর্ণান্তরচারাঙ্ক। উহাকে স্পর্শজ্যা চারাঙ্ক মনে করিয়া ধনু নির্ণয় করিতে হইবে। নবম সারিণীতে যে সংখ্যার খণ্ডায় উহার অব্যবহিত ন্যূন ফল আছে সেই সংখ্যার খণ্ডাঙ্কও তৎপর খণ্ডার অঙ্ক গ্রহণ পূর্ব্বক উভয় অঙ্কের অন্তর দ্বারা স্পর্শজ্যা চারাঙ্ক হইতে খণ্ডা বিয়োগ করিয়া যে অবশিষ্ট হইবে উহার দশগুণিতাংশকে ভাগ করিলে যে কলাদি হইবে তাহা খণ্ডা নির্দ্দিষ্ট অংশ কলাদির কলার সংখ্যায় যোগ করিলে স্পর্শধনু হইবে। উক্ত অংশাদি স্পর্শ ধনু হইতে ৪৫ অংশ বিয়োগ করিয়া অবশিষ্টাংশাদি অনুসারে নবম সারিণী হইতে অব্যবহিত ন্যূন ধনুর স্পর্শজ্যা চারসংখ্যা ও তৎপরবর্ত্তি চারাঙ্ক গ্রহণ করতঃ উভয়ের অন্তরকে খণ্ডাস্থিত ধনু ও ইষ্ট ধনুর অন্তর দ্বারা গুণ করিয়া ১০ দিয়া ভাগ করিলে যাহা লব্ধ হইবে উহা খণ্ডাস্থ চারাঙ্কে যোগ করিলে কর্ণ কেন্দ্র চারাঙ্ক হইবে।

নবম সারিণীতে প্রতি দশ কলা অন্তর চারাঙ্ক লিখিত হইল। প্রতি অংশের চারাঙ্ক প্রতি ছত্রে প্রদত্ত হইয়াছে, প্রথমে অংশের, পরে তদংশও ১০ কলার পরে তদংশ ও ২০ কলার, পরে তদংশ ও ৩০ কলা, পরে তদংশ ও ৪০ কলা,

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0017

ও অবশেষে সেই অংশ এবং ৫০ কলার চারাঙ্ক সকল সন্নিবিষ্ট হইয়াছে। অতএব অনুখণ্ডাঙ্ক গ্রহণ কালে পার্শ্ববর্ত্তী অঙ্ক গ্রহণ করিতে হইবে। পুনরুক্তি বাহুল্যে স্তম্ভস্থিত কোন কোন অঙ্ক উল্লেখ করা হয় নাই, এরূপস্থলে ঐ সকল অঙ্ক উহ্য মনে করিয়া গ্রহণ কালে উপরিস্থিত অঙ্ক দ্বারা পূরণ করিয়া লইতে হইবে।

নবম সারিণী।

(প্রতি দশকলান্তর স্পর্শজ্যা চারাঙ্ক।

অংশ	০কলা	১০কলা	২০কলা	৩০কলা	৪০কলা	৫০কলা
০	বিঃঅনন্ত	৭.৪৬৩৭	৭.৭৬৪৮	৭.৯৪০৯	৮.০৬৫৮	৮.১৬২৭
১	৮.২৪১৯	৮.৩০৮৯	৮.৩৬৬৯	৮.৪১৮১	.৪৬৩৮	.৫০৫৩
২	.৫৪৩১	.৫৭৭৯	.৬১০১	.৬৪০১	.৬৬৮২	.৬৯৪৫
৩	.৭১৯৪	.৭৪২৯	.৭৬৫২	.৭৮৬৫	.৮০৬৭	.৮২৬১
৪	.৮৪৪৬	.৮৬২৪	.৮৭৯৫	.৮৯৬০	.৯১১৮	.৯২৭২
৫	.৯৪২০	.৯৫৬৩	.৯৭০১	.৯৮৩৬	.৯৯৬৬	৯.০০৯৩
৬	৯.০২১৬	৯.০৩৩৬	৯.০৪৫৩	৯.০৫৬৭	৯.০৬৭৮	.০৭৮৬
৭	.০৮৯১	.০৯৯৫	·১০৯৬	·১১৯৪	.১২৯১	.১৩৮৫
৮	·১৪৭৮	·১৫৬৯	·১৬৫৮	.১৭৪৫	·১৮৩১	·১৯১৫
৯	·১৯৯৭	·২০৭৮	·২১৫৮	·২২৩৬	·২৩১৩	·২৩৮৯
১০	·২৪৬৩	·২৫৩৬	·২৬০৯	·২৬৮০	.২৭৫০	·২৮১৯
১১	·২৮৮৭	·২৯৫৩	·৩০২০	·৩০৮৫	·৩১৪৯	·৩২১২
১২	·৩২৭৫	·৩৩৩৬	·৩৩৯৭	·৩৪৫৮	·৩৫১৭	·৩৫৭৬
১৩	·৩৬৩৪	·৩৬৯১	·৩৭৪৮	·৩৮০৪	·৩৮৫৯	·৩৯১৪
১৪	·৩৯৬৮	·৪০২১	·৪০৭৪	·৪১২৭	·৪১৭৮	·৪২৩০
১৫	·৪২৮১	·৪৩৩১	·৪৩৮১	·৪৪৩০	·৪৩৭৯	·৪৫২৭
১৬	·৪৫৭৫	·৪৬২২	·৪৬৬৯	·৪৭১৬	·৪৭৬২	·৪৮০৮
১৭	·৪৮৫৩	·৪৮৯৮	·৪৯৪৩	·৪৯৮৭	·৫০৩১	·৫০৭৫
১৮	·৫১১৮	·৫১৬১	·৫২০৩	·৫২৪৫	·৫২৮৭	·৫৩২৯
১৯	·৫৩৭০	·৫৪১১	·৫৪৫১	·৫৪৯১	·৫৫৩১	·৫৫৭১
২০	·৫৬১১	·৫৬৫০	·৫৬৮৯	·৫৭২৭	·৫৭৬৬	·৫৮০৪

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0018

ষষ্ঠত্রিদশলাভাশ্চ লগ্নাদুপচয়াঃ স্মৃতাঃ ।
পঞ্চমং নবমং স্থানং ত্রিকোণং কেবলং স্মৃতং ॥ ৬২ ॥
কেন্দ্রং চতুষ্টয়ং কণ্টকঞ্চ লগ্নাস্তদশচতুর্থানাং সংজ্ঞা ॥৬৩॥
পনফরং দ্বিতীয়াষ্টপঞ্চমৈকাদশং বিদুঃ ।
তৃতীয়ষষ্ঠনবমমন্ত্যঞ্চাপোক্লিমং বিদুঃ ॥ ৬৪ ॥
পাতালং হিবুকঞ্চৈব সুহৃদন্তশ্চতুর্থকং ।
ত্রিত্রিকোণঞ্চ নবমং দুশ্চিক্যং স্যাৎ তৃতীয়কং ।
ধীস্থানং পঞ্চমং জ্ঞেয়ং যামিত্রং সপ্তমং স্মৃতং ।
দ্যূনং দ্যূনং তথাস্তাখ্যং ষট্‌কোণং রিপুমন্দিরং ।
কর্ম্মস্থানঞ্চ দশমং খং মেষূরণমাস্পদং ।
ছিদ্রাখ্যমষ্টমং স্থানং রিপ্‌ফাখ্যং দ্বাদশং স্মৃতং ।
চতুর্থমষ্টমঞ্চৈব চতুরস্রং বিদুর্ব্বুধাঃ ॥ ৬৫ ॥
হেলিঃ সূর্য্যশ্চন্দ্রমা শীতরশ্মি
হেম্নাবিজ্জ্ঞো বোধনশ্চেন্দুপুত্রঃ ।

মিথুন ব্যতীত সমস্ত নিশাসংজ্ঞক রাশিই পৃষ্ঠোদয়, অবশিষ্ট রাশি শীর্ষোদয়, কেবল মীনরাশি উভয়োদয় ॥ ৬১ ॥

লগ্ন হইতে ষষ্ঠ, তৃতীয়, দশম ও একাদশ রাশির নাম উপচয় রাশি। (অবশিষ্টগুলি অপচয় রাশি) লগ্ন, নবম ও পঞ্চমকে ত্রিকোণ বলে ॥ ৬২ ॥

কেন্দ্র, চতুষ্টয় ও কণ্টক লগ্ন, সপ্তম, চতুর্থ ও দশমের নামান্তর ॥ ৬৩ ॥

দ্বিতীয় অষ্টম, পঞ্চম ও একাদশের সংজ্ঞান্তর পনফর এবং তৃতীয়, ষষ্ঠ, নবম ও দ্বাদশকে আপোক্লিম বলা যায় ॥ ৬৪ ॥

পাতাল, হিবুক, সুহৃৎ ও অন্ত চতুর্থের সংজ্ঞান্তর ; ত্রিত্রিকোণ নবমের সংজ্ঞান্তর, দুশ্চিক্য তৃতীয়ের সংজ্ঞান্তর, ধীস্থান পঞ্চমের এবং যামিত্র, দ্যূন ও অস্ত সপ্তমের সংজ্ঞান্তর, রিপুমন্দির ষষ্ঠের সংজ্ঞান্তর, কর্ম্মস্থান, খ, মেষূরণ ও আস্পদ দশমের সংজ্ঞান্তর, অষ্টমের সংজ্ঞান্তর ছিদ্র এবং দ্বাদশের রিপ্‌ফ, চতুর্থ অষ্টমকে পণ্ডিতগণ চতুরস্র বলিয়া থাকেন ॥ ৬৫ ॥

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0019

আরো বক্রঃ ক্রূরদৃক্ চাবনেয়ঃ
কোণো মন্দঃ সূর্য্যপুত্রোঽসিতশ্চ ॥
জীবোঽঙ্গিরাঃ সুরগুরুর্ব্বচসাংপতীজ্যৌ
শুক্রোভৃগুর্ভৃগুসুতঃ সিত আস্ফুজিচ্চ।
রাহুস্তমোঽগুরসুরশ্চ শিখী চ কেতুঃ
পর্য্যায়মন্যমুপলভ্য বদেচ্চ লোকাৎ ॥ ৬৬ ॥
রক্তশ্যামো ভাস্করো গৌরইন্দু
র্নাত্যুচ্চাঙ্গো রক্তগৌরো মহীজঃ।
দূর্ব্বাশ্যামো জ্ঞো গুরুর্গৌরগাত্রঃ
শ্যামঃ শুক্রো ভাস্করিঃ কৃষ্ণদেহঃ ॥ ৬৭ ॥
সূর্য্যঃ শুক্রঃ ক্ষমাপুত্রঃ সৈংহিকেয়ঃ শনিঃ শশী।
সৌম্যস্ত্রিদশমন্ত্রী চ প্রাচ্যাদিদিগধীশ্বরাঃ ॥ ৬৮ ॥
প্রাচ্যাং সৌম্যসুরাচার্য্যৌ যাম্যাং ভাস্করভূমিজৌ।
প্রত্যক্ সৌরিরুদীচ্যান্তু সিতেন্দুদিগ্বলান্বিতৌ ॥৬৯॥

হেলি সূর্য্যের নামান্তর; চন্দ্রের শীতরশ্মি; বুধের হেম্না, বিদ্, জ্ঞ, বোধন ও ইন্দু পুত্র; মঙ্গলের আর, বক্র, ক্রূরদৃক্, আবনেয়; শনির, কোণ, মন্দ, সূর্য্য পুত্র, অসিত; বৃহস্পতির জীব, অঙ্গিরা, সুরগুরু, গীষ্পতি, ইজ্য, শুক্রের ভৃগু, ভৃগুসুত, সিত আস্ফুজিৎ; রাহুর তমঃ, অগুঃ ও অসুর এবং কেতুর শিখি এতদ্ব্যতীত লোক প্রসিদ্ধ সংজ্ঞান্তর সমূহও প্রযুক্ত হইয়া থাকে ॥ ৬৬ ॥

সূর্য্য—রক্তশ্যামবর্ণ, চন্দ্র গৌরবর্ণ, মঙ্গল রক্তগৌর এবং অনত্যুচ্চাঙ্গ, বুধ দূর্ব্বাশ্যামবর্ণ, বৃহস্পতি গৌর গাত্র, শুক্রশ্যামবর্ণ এবং শনৈশ্চর কৃষ্ণবর্ণ ॥ ৬৭ ॥

সূর্য্য, শুক্র, মঙ্গল, রাহু, শনি, চন্দ্র, বুধ, বৃহস্পতি যথাক্রমে পূর্ব্বাদি অষ্ট-দিকের অধিপতি। অর্থাৎ সূর্য্য পূর্ব্বদিকের, শুক্র অগ্নিকোণের, মঙ্গল দক্ষিণ-দিকের, রাহু নৈঋত কোণের, শনি পশ্চিমদিকের, চন্দ্র বায়ুকোণের, বুধ উত্তর-দিকের এবং বৃহস্পতি ঈশানকোণের ॥ ৬৮ ॥

বুধ ও বৃহস্পতি পূর্ব্বদিকে, সূর্য্য ও মঙ্গল দক্ষিণদিকে শনি পশ্চিমে এবং শুক্র ও চন্দ্র উত্তরদিকে দিগ্বলান্বিত হইয়া থাকেন ॥ ৬৯ ॥

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0020

ভৌমার্কজীবাঃ পুরুষাঃ ক্লীবৌ সোমজভানুজৌ ।
স্ত্র্যাখ্যৌ ভার্গবচন্দ্রৌ দ্বৌ তৎপতিত্বাত্তথোচ্যতে ॥৭০॥
চন্দ্রার্কজীবা জ্ঞসিতৌ কুজার্কৌ যথাক্রমং সত্ত্বরজস্তমাংসি ।
কটুলবণতিক্তমিশ্রিতামধুরাম্লৌ চ কষায়কোর্কতঃ ॥৭১॥
ব্রাহ্মণে শুক্রবাগীশৌ ক্ষত্রিয়ে ভৌমভাস্করৌ ।
চন্দ্রো বৈশ্যে বুধঃ শূদ্রে পতির্মন্দোন্ত্যজে জনে ॥ ৭২ ॥
ঋগ্বেদাধিপতির্জীবো যজুর্ব্বেদাধিপো সিতঃ ।
সামবেদাধিপো ভৌমঃ শশিজোথর্ব্ববেদরাট্ ॥ ৭৩ ॥
মধুপিঙ্গলদৃক্ চতুরস্রতনুঃ পিত্তপ্রকৃতিঃ সবিতাল্পকচঃ ।
তনুবৃত্ততনুর্বহুবাতকফপ্রাজ্ঞঃ শশীমৃদুবাক্ শুভদৃক্ ॥৭৪॥
ভূমিজস্ত্বরুণমূর্ত্তিরুদারঃ পৈত্তিকঃ সুচপলকৃশমধ্যঃ ।
শ্লিষ্টবাক্ সততহাস্যরুচির্জ্ঞঃ পিত্তমারুতকফপ্রকৃতিশ্চ ॥৭৫॥

মঙ্গল সূর্য্য ও বৃহস্পতি পুরুষ, বুধ ও শনি ক্লীব, শুক্র ও চন্দ্র নারীগণের অধিপতি বলিয়া পুরুষ ক্লীব ও স্ত্রীগ্রহ বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ৭০ ॥

চন্দ্র, সূর্য্য ও বৃহস্পতি সত্ত্বগুণের, বুধ ও শুক্র রজোগুণের এবং মঙ্গল ও শনৈশ্চর তমোগুণের অধিপতি। সূর্য্য প্রভৃতি গ্রহগণ যথাক্রমে কটু, লবণ, তিক্ত, মিশ্রিত, মধুর, অম্ল ও কষায় রসের অধিপতি ॥ ৭১ ॥

শুক্র ও বৃহস্পতি ব্রাহ্মণ, মঙ্গল ও সূর্য্য ক্ষত্রিয়, চন্দ্র বৈশ্য, বুধ শূদ্র এবং শনি অন্ত্যজ জাতির অধিপতি ॥ ৭২ ॥

বৃহস্পতি ঋক্‌বেদের, শুক্র যজুর্ব্বেদের, মঙ্গল সামবেদের এবং বুধ অথর্ব্ববেদের অধিপতি ॥ ৭৩ ॥

সূর্য্য মধুপিঙ্গলনেত্র, চতুরস্রদেহ, পিত্তপ্রকৃতি এবং অল্প কেশযুক্ত। চন্দ্র বৃত্ত দেহ, কফবাত প্রকৃতি, প্রাজ্ঞ মৃদুবাক্ ও শুভ দর্শন ॥ ৭৪ ॥

মঙ্গল অরুণবর্ণ, উদার প্রকৃতি, পৈত্তিক ধাতু, অত্যন্ত চপল ও কৃশমধ্য এবং বুধ শ্লিষ্টবাক্যসম্পন্ন, সতত হাস্যশীল এবং বায়ুপিত্তকফমিশ্রিত ত্রিদোষ প্রকৃতির ॥ ৭৫ ॥

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0021

বৃহত্তনুঃ পিঙ্গলমূর্ত্তজেক্ষণো
বৃহস্পতিঃ শ্রেষ্ঠমতিঃ কফাত্মকঃ।
ভৃগুঃ সুখী কান্তবপুঃ সুলোচনঃ
কফানিলাত্মাসিতবক্রমূর্দ্ধজঃ॥
মন্দোঽলসঃ কপিলদৃক্ কৃশদীর্ঘগাত্রঃ
স্থূলদ্বিজঃ পরুষলোমকচোঽনিলাত্মা॥ ৭৬॥
মিত্রাণি সূর্য্যাচ্ছশিভৌমজীবাঃ
সূর্য্যেন্দুজৌ সূর্য্যশশাঙ্কজীবাঃ।
আদিত্যশুক্রৌ রবিচন্দ্রভৌমা
বুধার্কজৌ চন্দ্রজভার্গবৌ চ॥ ৭৭॥
সিতাসিতৌ চন্দ্রমসো ন কশ্চিৎ
বুধঃ শশী সৌম্যসিতৌ রবীন্দূ।
রবীন্দুভৌমা রবিতস্ত্বমিত্রা
মিত্রারিশেষস্তু সমঃ প্রদিষ্টঃ॥ ৭৮॥

বৃহস্পতি বৃহদ্দেহযুক্ত পিঙ্গলকেশ ও চক্ষুযুক্ত, শ্রেষ্ঠমতি ও কফাত্মক ধাতু-যুক্ত এবং শুক্রাচার্য্য সুখী, কমনীয় দেহ, সুলোচন, কফবাতিক ধাতু সম্পন্ন ও কৃষ্ণকুঞ্চিতকেশযুক্ত।

শনৈশ্চর অলস, কপিলনেত্র, কৃশ ও সুদীর্ঘ দেহযুক্ত, স্থূলদন্ত, পরুষ, লোম ও বাতজধাতুসম্পন্ন॥ ৭৬॥

সূর্য্যের মিত্র চন্দ্র মঙ্গল ও বৃহস্পতি, চন্দ্রের সূর্য্য ও বুধ, মঙ্গলের সূর্য্য চন্দ্র ও বৃহস্পতি, বুধের সূর্য্য ও শুক্র, বৃহস্পতির রবি চন্দ্র ও মঙ্গল, শুক্রের বুধ ও শনি এবং শনির বুধ ও শুক্র॥ ৭৭॥

সূর্য্যের শত্রু শুক্র ও শনি, চন্দ্রের কেহই শত্রু নাই, মঙ্গলের শত্রু বুধ, বুধের চন্দ্র, বৃহস্পতির বুধ ও শুক্র, শুক্রের রবি ও চন্দ্র, শনির রবি, চন্দ্র ও মঙ্গল; যে গ্রহের যে শত্রু ও মিত্র বলা হইল তদ্ব্যতীত অপর গ্রহ সকল সেই গ্রহের সম॥ ৭৮॥

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0022

বুধঃ কুজেজ্যাস্ফুজিদর্কপুত্রাঃ
শুক্রার্কজৌ ভৌমসুরেজ্যমন্দাঃ।
শনিকুজেজ্যৌ সুররাজমন্ত্রী
রব্যাদিতোঽমী সমসংজ্ঞিতা স্যুঃ ॥ ৭৯ ॥
চতুর্থদশবিত্তান্ত্যত্রিলাভস্থা পরস্পরং।
তৎকালমিত্রাণ্যুচ্চস্থো কৈশ্চিদুক্তোন্যথা রিপুঃ ॥৮০॥

রবির সম বুধ, চন্দ্রের মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি, মঙ্গলের শুক্র ও শনি, বুধের মঙ্গল বৃহস্পতি ও শনি, বৃহস্পতির শনি, শুক্রের মঙ্গল ও বৃহস্পতি এবং শনির বৃহস্পতি ॥ ৭৯ ॥ (দ)

কোনও গ্রহের চতুর্থ, দশম, দ্বিতীয়, দ্বাদশ, তৃতীয় ও একাদশস্থিত গ্রহগণ তৎকাল মিত্র এবং অপর স্থানস্থিত গ্রহগণ তৎকাল শত্রু শব্দে কথিত হইয়া থাকেন ॥ ৮০ ॥

(দ) উল্লিখিত ৪৯।৫০।৭৭।৭৮।৭৯ শ্লোকের বিষয়গুলি শ্রেণীবদ্ধভাবে নিম্নে প্রদত্ত হইল। ইহারা গ্রহের নৈসর্গিক মিত্র, সম ও শত্রু বলিয়া কথিত হন।

	মিত্রাণি	সমাঃ	শত্রবঃ
রবেঃ	ম চ বৃ	বু	শ শু
চন্দ্রস্য	বু রা	শ শু বৃ ম	০
কুজস্য	র চ বৃ	শু শ	বু
বুধস্য	র শু	ম বৃ শ	চ
গুরোঃ	র চ ম	শ	বু শু
শুক্রস্য	বু শ	ম বৃ	র চ
শনেঃ	বু শু	বৃ	র চ ম
রাহোঃ	শু শ	বু বৃ	র চ ম
কেতোঃ	র চ ম	বু বৃ	শু শ

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0023

হিতসমরিপুসংজ্ঞা যে নিসর্গে নিরুক্তাঃ
অধিহিতহিতমধ্যাস্তেঽপি তৎকালমিত্রৈঃ।
রিপুসমসুহৃদাখ্যা যে নিসর্গোপদিষ্টা
অধিরিপুরিপুমধ্যাঃ শত্রুভিশ্চিন্তনীয়াঃ ॥৮১॥

নৈসর্গিক মিত্র, সম ও শত্রুগ্রহ তৎকাল মিত্র হইলে অধিমিত্র, মিত্র ও সম হন; এবং নৈসর্গিক শত্রু, সম ও মিত্র গ্রহ তৎকাল শত্রু হইলে অধিশত্রু, শত্রু ও সম বলিয়া কথিত হন ॥ ৮১ ॥ (ধ)

(ধ) কোনও নির্দ্দিষ্ট সময়ের লগ্নানুসারে, তাৎকালিক রাশিচক্রে অবস্থিত গ্রহগণের যে অবস্থান অনুরূপ শত্রুতা ও মিত্রতা ঘটে তাহাকেই তাৎকালিক শত্রুতা বা মিত্রতা বলা যায়। তাৎকালিক শত্রুতাদি জানিতে হইলে তাৎকালিক রাশিচক্র অঙ্কনের প্রয়োজন এজন্য পঞ্জিকা অবলম্বনে যেরূপে তাৎকালিক রাশিচক্র উদ্ধার করিতে হয় তাহা এস্থলে লিখিত হইতেছে।

১৮২৩ শকাব্দার ৬ই বৈশাখ ৩॥০ সাড়ে তিনটার সময় কাহারও জন্ম হইয়াছে। ঐ দিনের পঞ্জিকা খুলিলেই দেখিতে পাওয়া যায় যে ঐ দিন ঘণ্টা ৫।৪০।২৪ গতে সূর্য্যোদয় সুতরাং ৩॥০ সাড়ে তিনটার সময় ঘণ্টাদি ৯।৫৯।৩৬ অতীত হইয়াছে। ২॥০ আড়াই দণ্ডে ঘণ্টা অতএব ঐ ঘণ্টাদিকে আড়াই গুণ করিয়া দণ্ডাদি ২৪।৩৪ লব্ধ হইল অর্থাৎ ঐ দিন সূর্য্যোদয়ের পর ২৪ দণ্ড ৩৪ পলের সময় জন্ম হইয়াছে স্থির হইল। এক্ষণে দেখা যাইতেছে ঐ দিন অশ্বিনী নক্ষত্রের স্থিতি দণ্ডাদি ২৭।৬।৪ সুতরাং জানা যাইতেছে যে জন্ম সময়ে চন্দ্র অশ্বিনী নক্ষত্রেই ছিলেন, অতএব রাশিচক্র অঙ্কিত করিয়া চন্দ্রকে মেষরাশিতে স্থাপন পূর্ব্বক অশ্বিনী নক্ষত্রাঙ্ক ১ দ্বারা চিহ্নিত করিতে হইবেক।

এই সূত্রে এখানে বলিয়া রাখা আবশ্যক যে গ্রহাদির আদ্যক্ষর দ্বারা গ্রহ সকল সাধারণতঃ লিখিত হইয়া থাকে, যেমন র বা সূ অর্থে রবি বা সূর্য্য, চ অর্থে চন্দ্র, ম'তে মঙ্গল, বু'তে বুধ, গু বা বৃ'তে বৃহস্পতি বা গুরু, শু'তে শুক্র, শ'তে শনি, রা'তে রাহু ও কে'তে কেতু। সারিণী কিম্বা চক্রে এইরূপ আদ্যক্ষর ব্যবহৃত হইয়া থাকে।

তৎপরে মেষ সংক্রমণদিনের যে চক্র পঞ্জিকাতে অঙ্কিত আছে, তাহার নিকট "বৈশাখ মাসের কুজাদি গ্রহের রাশ্যাদি সঞ্চার সময়" লিখিত আছে।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0024

স্বোচ্চেস্থিতাঃ শ্রেষ্ঠবলা ভবন্তি
মূলত্রিকোণে স্বগৃহে চ মধ্যাঃ ।
ইষ্টেক্ষিতামিত্রগৃহাশ্রিতা চ
বীর্য্যং কনীয়ঃ সমুপাবহন্তি ॥ ৮২ ॥

নিজ উচ্চস্থানস্থিত গ্রহ শ্রেষ্ঠবলী, মূল ত্রিকোণ ও নিজ গৃহে মধ্যবলী, মিত্র দৃষ্ট বা মিত্রগৃহস্থিত হইলে তদপেক্ষা অল্প বল সম্পন্ন হয় ॥ ৮২ ॥

৬ই তারিখের পূর্ব্বে ৫ই বুধ ২৭ রেবতী নক্ষত্রে গমন করিয়াছেন, সুতরাং মীন রাশিতে বুধ স্থাপন পূর্ব্বক ২৭ চিহ্নিত করিতে হইবেক। ৩রা বৈশাখ শুক্র মেষ রাশিতে গমন করিয়াছেন. মেষারম্ভ অশ্বিনীতে সুতরাং মেষে শুক্র স্থাপন পূর্ব্বক ১ চিহ্নিত করিতে হইবেক। ৬ই তারিখে রবি ১॥/ দং ৪৫।৩৯ লেখা আছে, অর্থাৎ রবি অশ্বিনীর প্রথমার্দ্ধ অতিক্রম পূর্ব্বক দণ্ডাদি ৪৫।৩৯ তৃতীয় পাদ সময়ে প্রবেশ করিবেন সুতরাং জন্ম সময়ে অশ্বিনীর দ্বিতীয় পাদেই আছেন অতএব মেষে রবি ১ চিহ্নিত করিয়া স্থাপন করিতে হইবে এতদ্ব্যতীত সংক্রমণ সময়ে যে গ্রহ যে নক্ষত্রে যে রাশিতে আছেন তাহার কোনও ব্যতিক্রম হয় নাই, সুতরাং সংক্রম চক্রে যেমন আছে সেইরূপ রাখিতে হইবেক। এইরূপে তাৎকালিক রাশিচক্র অঙ্কিত হইলে তাৎকালিক

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0025

লগ্নাংশাধিপয়োর্যাদৃক্ বলং তাদৃক্ তয়োরপি ॥ ৮৩ ॥

লগ্নের এবং অংশের (অর্থাৎ হোরা, দ্রেক্কাণ নবাংশাধির) অধিপতি যে মিত্রামিত্র নির্ণয় করিতে হইবেক। কোনও গ্রহের দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, দশম, একাদশ দ্বাদশ গৃহস্থিত গ্রহ তৎকাল মিত্র অতএব এই চক্রানুসারে কেতু ও বুধ শুক্র, চন্দ্র ও রবির তৎকাল মিত্র। মঙ্গল, বুধ, শুক্র, রবি ও চন্দ্র, কেতুর তৎকাল মিত্র। রাহু ও কেতু মঙ্গলের তৎকাল মিত্র। শনি ও বৃহস্পতি রাহুর তৎকাল মিত্র। বুধ ও রাহু, বৃহস্পতি ও শনির তৎকাল মিত্র এবং শুক্র চন্দ্র রবি কেতু বৃহস্পতি ও শনি বুধের তৎকাল মিত্র নির্দ্দিষ্ট হইলেন। গ্রহগণের তৎকাল মিত্র ব্যতীত গ্রহগণ তৎকাল শত্রু।

নিম্নলিখিত চক্রের পূর্ব্বোক্ত রাশি চক্রানুসারে তৎকাল মিত্র শত্রু নির্দ্দিষ্ট হইল।

	তৎকাল মিত্রাণি	তৎকাল শত্রবঃ
রবেঃ	কে বু	চ ম বৃ শু শ রা
চন্দ্রস্য	কে বু	র ম বৃ শু শ রা
কুজস্য	রা কে	র চ বৃ শু শ
বুধস্য	র চ শু বৃ কে	ম রা
গুরোঃ	বু রা	র চ ম শু শ কে
শুক্রস্য	কে বু	র চ ম বৃ শ রা
শনেঃ	বু রা	র চ ম বৃ শু কে
রাহোঃ	শ বৃ	র চ ম বু শু কে
কেতোঃ	র চ ম বু শু	বৃ শ রা

এক্ষণে দেখা যাইতেছে যে বুধ শুক্রের নৈসর্গিক মিত্র। তৎকাল মিত্র হইলে অধিমিত্র হন সুতরাং বুধ শুক্রের অধিমিত্র হইলেন। বুধ রবির নৈসর্গিক সম, নৈসর্গিক সম তৎকাল মিত্র হইলে মিত্র হইবেন অতএব বুধ রবির মিত্র হইলেন। এইরূপে সকল গ্রহের তাৎকালিক অধিমিত্রাদি নির্ণয় করিতে হইবেক। তৎপরে চক্র বিচার জন্য নিম্ন মত বা অন্য কোনও রূপে সুশৃঙ্খলা করিয়া শ্রেণীবদ্ধভাবে সজ্জিত করিয়া রাখিতে হইবেক।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0026

নিবেদন।

সাপ্তাহিক পত্র। জ্যোতিষশাস্ত্র সম্বন্ধীয় প্রবন্ধাদি প্রায়ই প্রকাশিত হইয়া থাকে। নমুনা স্বরূপ একখণ্ড পাইতে ইচ্ছা করিলে ৫ ডাকটিকিট সহ মেঁশার্স আর পী দত্ত কোং, ৭ নং এজরা ষ্ট্রীট এই ঠিকানায় পত্র লিখিলে প্রাপ্ত হইবেন। বার্ষিক অগ্রিম মূল্য ১॥০ ডাক মাশুল স্বতন্ত্র নাই।

ভক্তিগ্রন্থ নিচয়।

ভক্তিবিনোদ শ্রীলকেদারনাথ দত্ত মহাশয় প্রণীত বা সঙ্কলিত নিম্নলিখিত পুস্তকগুলি সজ্জনতোষণী কার্য্যালয়ে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, কলিকাতা ঠিকানায় প্রাপ্ত হওয়া যায়।

১। পদ্মপুরাণ সমগ্র (মূল) তালকাগজ ৬৲ হরিদ্রাবর্ণের সূক্ষ্মকাগজে ৩৲ ডাঃ মাঃ তালকাগজের ১৲ ও সামান্য কাগজের ॥০।

২। শ্রীশ্রীচৈতন্য চরিতামৃত বিশদ ব্যাখ্যা সহ। এতৎসহ আরও আটখানি ভক্তিগ্রন্থ মূল্য ৫৲ ডাঃ মাঃ ॥০ দুই ভলমে।

৩। শ্রীশ্রীমদ্ভগবদ্গীতা বলদেব ও মধ্ব ভাষ্য সহ শ্রীভক্তিবিনোদ কৃত অনুবাদ। মূল্য ১৸০ ডাঃ মাঃ ।০।

৪। সজ্জনতোষণী মাসিক পত্রিকা। ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম, ১১শ, ১২শ খণ্ড। প্রত্যেক খণ্ডের মূল্য ১৲ ডাঃ মাঃ ৵০। ১৩শ খণ্ডের অগ্রিম বার্ষিক ভিক্ষা ডাকমাশুল সহ ১৲। শ্রীলভক্তিবিনোদ মহাশয় সম্পাদিত।

৫। শ্রীশ্রীকৃষ্ণবিজয় বঙ্গভাষার আদি কাব্য, মূল্য ॥০ ডাঃ মাঃ ৴০

৬। Chaitanya Mahaprabhu His Life and precepts বা গৌরাঙ্গলীলা স্মরণমঙ্গলস্তোত্র ইংরাজী ভূমিকা ও সংস্কৃতাক্ষরে মূল ও ভাষ্য মূল্য ১৲ ডাঃ মাঃ ।০

৭। শ্রীশ্রীবিষ্ণুসহস্র নাম, বলদেব ভাষ্য ও অনুবাদ মূল্য ॥০ ডাঃ মাঃ ৴০

৮। শ্রীশ্রীচৈতন্যশিক্ষামৃত (ভক্তিবিনোদ কৃত) (বাঙ্গালা) মূল্য ৸০

৯। প্রেমপ্রদীপ, (উপন্যাস) মূল্য ।০

১০। শ্রীশ্রীনবদ্বীপধাম মাহাত্ম্য মূল্য ।০

১১। শ্রীশ্রীকল্যাণ কল্পতরু ১০০ কাপির মূল্য ১৷৵০

১২। শ্রীশ্রীহরিনাম চিন্তামণি (পদ্যবাঙ্গালা) মূল্য ১৲

সামাজিক গ্রন্থ।

১। দত্তবংশমালা (বালিসমাজের দত্তপরিবারের বংশাবলী) মূল্য ১।০

২। বঙ্গে সামাজিকতা (সিদ্ধান্ত সরস্বতী) মূল্য ॥০

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0027

বিজ্ঞাপন।

নিম্নলিখিত পুস্তকগুলি জ্যোতির্ব্বিদ্ কার্য্যালয়ে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান, কলিকাতা; শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় ২০১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা; সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়ে ৩০ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা ঠিকানায় প্রাপ্তব্য।

১। শ্রীসূর্য্যসিদ্ধান্ত, মূল ১৪অধ্যায়, সানুবাদ ও সোদাহরণ। (সিদ্ধান্ত সরস্বতী) মূল্য ॥৵০ সডাক।

২। শ্রীসিদ্ধান্তশিরোমণি (গোলাধ্যায়) ভাস্করাচার্য্য কৃত মূল, তদীয় বাসনাভাষ্য ও শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী কৃত বঙ্গানুবাদ ও বিস্তৃত পরিশিষ্ট সহ। মূল্য ১৲ ডাঃ মাঃ ৵০।

৩। উড়ুদায় প্রদীপ বা লঘু পারাশরী, সটীক ও সিদ্ধান্তসরস্বতীকৃত ভাষাভাষ্য, বৃহৎপারাশরীয় বিংশোত্তরীয় দশাধ্যায়ের কিয়দংশ সহ। মূল্য ।০ ডাঃ মাঃ ৻১০।

৪। লঘুজাতক, ভট্টোৎপল কৃত টীকা ও সিদ্ধান্তসরস্বতী কৃত অনুবাদ সহ মূল্য ।/০ ডাঃ মাঃ ৻১০।

৫। পাশ্চাত্যগণিত চন্দ্রার্কস্পষ্ট, শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী সঙ্কলিত। বিলাতি দৃক্‌সিদ্ধমতে চন্দ্র ও সূর্য্য স্ফুট গণনার পুস্তক।

৬। জন্মপত্রিকা অর্থাৎ কোষ্ঠী লিখিবার ফরম্ /৫।

৭। Book of Fate——Rs 3.

রামবাগান-সারস্বত-চতুষ্পাঠী।

এই চতুষ্পাঠীতে গবর্ণমেণ্ট ও অন্যান্য উপাধি প্রভৃতি পরীক্ষার জ্যোতির্গ্রন্থগুলি বিশেষ যত্নের সহিত অধ্যাপনা করান হয়। পাঠার্থীগণ আপন আপন থাকিবার স্থান ও আহারের বন্দোবস্ত করিবেন। এতদ্ব্যতীত জ্যোতিষ শাস্ত্রের সকলপ্রকার পুস্তকাদি পাঠ করিবার সুবিধা হইতে পারে। এ বিষয়ে যাঁহাদিগের বিশেষ জানিবার আবশ্যক হইবে, অনুগ্রহ পূর্ব্বক জ্যোতির্ব্বিদের কার্য্যাধ্যক্ষ মহাশয়কে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, বিডনস্কোয়ার পোষ্ট এই ঠিকানায় পত্র লিখিলে সকল বিষয় জানিতে পারিবেন।

Digitized at BRCindia.com 2016 JytrVd-y1is3_0028

বিজ্ঞাপন।

নিম্নলিখিত পুস্তকগুলি জ্যোতির্ব্বিদ্ কার্য্যালয়ে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, রামবাগান, কলিকাতা; শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় ২০১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা; সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়ে ৩০ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা ঠিকানায় প্রাপ্তব্য।

১। শ্রীসূর্য্যসিদ্ধান্ত, মূল ১৪অধ্যায়, সানুবাদ ও সোদাহরণ। (সিদ্ধান্ত সরস্বতী) মূল্য ॥৵০ সডাক।

২। শ্রীসিদ্ধান্তশিরোমণি (গোলাধ্যায়) ভাস্করাচার্য্য কৃত মূল, তদীয় বাসনাভাষ্য ও শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী কৃত বঙ্গানুবাদ ও বিস্তৃত পরিশিষ্ট সহ। মূল্য ১৲ ডাঃ মাঃ ৵০।

৩। উড়ুদায় প্রদীপ বা লঘু পারাশরী, সটীক ও সিদ্ধান্তসরস্বতীকৃত ভাষাভাষ্য, বৃহৎপারাশরীয় বিংশোত্তরীয় দশাধ্যায়ের কিয়দংশ সহ। মূল্য ।০ ডাঃ মাঃ ৻১০।

৪। লঘুজাতক, ভট্টোৎপল কৃত টীকা ও সিদ্ধান্তসরস্বতী কৃত অনুবাদ সহ মূল্য ।/০ ডাঃ মাঃ ৻১০।

৫। পাশ্চাত্যগণিত চন্দ্রার্কস্পষ্ট, শ্রীবিমলাপ্রসাদ সিদ্ধান্তসরস্বতী সঙ্কলিত। বিলাতি দৃক্‌সিদ্ধমতে চন্দ্র ও সূর্য্য স্ফুট গণনার পুস্তক।

৬। জন্মপত্রিকা অর্থাৎ কোষ্ঠী লিখিবার ফরম্ /৫।

৭। Book of Fate——Rs 3.

রামবাগান-সারস্বত-চতুষ্পাঠী।

এই চতুষ্পাঠীতে গবর্ণমেণ্ট ও অন্যান্য উপাধি প্রভৃতি পরীক্ষার জ্যোতির্গ্রন্থগুলি বিশেষ যত্নের সহিত অধ্যাপনা করান হয়। পাঠার্থীগণ আপন আপন থাকিবার স্থান ও আহারের বন্দোবস্ত করিবেন। এতদ্ব্যতীত জ্যোতিষ শাস্ত্রের সকলপ্রকার পুস্তকাদি পাঠ করিবার সুবিধা হইতে পারে। এ বিষয়ে যাঁহাদিগের বিশেষ জানিবার আবশ্যক হইবে, অনুগ্রহ পূর্ব্বক জ্যোতির্ব্বিদের কার্য্যাধ্যক্ষ মহাশয়কে ১৮১ নং মাণিকতলা ষ্ট্রীট, বিডনস্কোয়ার পোষ্ট এই ঠিকানায় পত্র লিখিলে সকল বিষয় জানিতে পারিবেন।